

# কোভিড-19 এর টিকা ও বুস্টার সম্পর্কিত তথ্য কিছু প্রচলিত কল্পকাহিনী



**কল্পকাহিনী:** আমার টিকা নেওয়ার দরকার নেই কারণ আমার ইতিমধ্যেই কোভিড হয়ে গিয়েছে।  
*জবাব:* একটি সাম্প্রতিক গবেষণায় দেখা গিয়েছে যে যারা কোভিড-19 প্রতিরোধে কোনো টিকা পাননি তারা তিন মাস পরেই আবারো কোভিডে আক্রান্ত হয়ে যেতে পারেন। মনে রাখবেন, আপনি খুব ভালো বোধ করলেও এবং কোনো উপসর্গ না দেখা দিলেও, আপনি না জেনেই ভাইরাস বহন করতে এবং অন্যদের মধ্যে তা ছড়িয়ে দিতে পারেন।



**কল্পকাহিনী:** কোভিড-19 –এ আক্রান্ত হওয়ার মাধ্যমে রোগ প্রতিরোধ ক্ষমতা জন্মানো অধিক স্বাভাবিক  
*জবাব:* আমরা জানি না কোভিড-19 –এ আক্রান্ত হওয়ার মাধ্যমে জন্মানো রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন থাকবে বা এটা কতটা শক্তিশালী। আমরা যা জানি তা হলো, আপনি যদি আপনার টিকা না নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আপনি বারবার কোভিড-19 –এ আক্রান্ত হতে পারেন। আপনি যদি কোভিড-19 –এ আক্রান্ত হওয়ার জন্য অপেক্ষা করেন, তাহলে আপনি গুরুতর অসুস্থ হয়ে পড়া, কাজে যেতে না পারা এবং হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনার ঝুঁকিতে আছেন। টিকা নেওয়ার মাধ্যমে, আপনি একটি নিয়ন্ত্রিত উপায়ে রোগ প্রতিরোধ ক্ষমতা লাভ করেন এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, সময়টি আপনি বেছে নেন।



**কল্পকাহিনী:** আমি ইতিমধ্যেই টিকার দুটি ডোজই নিয়েছি, আমার বুস্টারের প্রয়োজন নেই।  
*জবাব:* আপনার টিকার প্রথম দুটি ডোজ থেকে আপনি যে সুরক্ষা পেয়েছেন, কোভিড-19 টিকার একটি বুস্টার ডোজ তা বাড়িয়ে তুলতে সাহায্য করে।  
এটি আপনাকে কোভিড-19 –এ আক্রান্ত হলে গুরুতর অসুস্থ হয়ে পড়া থেকে দীর্ঘমেয়াদী সুরক্ষা দিতে সাহায্য করে।



**কল্পকাহিনী:** আমি শুনেছি বুস্টার থেকে বাজে ধরণের পার্শ্ব-প্রতিক্রিয়া হতে পারে, এবং আমি উৎসবের সময়টাতে অসুস্থ হতে চাই না  
*জবাব:* সহজ উত্তরটি হলো যে, এখনই টিকা নেওয়া এবং গুরুতর অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি কমিয়ে আনা অনেক ভালো। কিছু হালকা পার্শ্ব-প্রতিক্রিয়া হওয়া স্বাভাবিক, এবং আপনি অল্প সময়ের জন্য অসুস্থ বোধ করতে পারেন। সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়াগুলোর মধ্যে মাথাব্যথা, জ্বর এবং বাহুতে কিছু অবশ্য ধরণের ব্যথা অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে সাধারণত সেগুলো হালকা হয় এবং সবার এগুলো হয় না।



**কল্পকাহিনী:** টিকা নেওয়ার পরেও যদি লোকেদের কোভিড-19 হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে টিকা নেওয়ার কোনো মানে নেই।  
*জবাব:* টিকা নেওয়া কোভিড-19 –এ আক্রান্ত হলে অসুস্থ হয়ে পড়া প্রতিরোধ করতে সাহায্য করতে পারে। কোভিড-19 –এ আক্রান্ত অনেকেরই সামান্য অসুস্থতা থাকলেও, অন্যান্যরা গুরুতর অসুস্থ হয়ে পড়তে পারে, অথবা এমনকি মারাও যেতে পারে। কোভিড-19 আপনার উপর কেমন প্রভাব ফেলবে তা আগে থেকে জানার কোনো উপায় নেই, এমনকি আপনি গুরুতর জটিলতার বাড়তি ঝুঁকিতে না থাকলেও।



কোভিড-19 এর টিকাগুলো আপনার শরীরকে, কীভাবে কোভিড-19 –এ কার্যত আক্রান্ত না হয়ে এবং অসুস্থ না হয়ে পড়ে কীভাবে সেটিকে চিহ্নিত করে সেটির সাথে লড়াই করতে হয়, তা প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে আপনাকে রক্ষা করতে সাহায্য করে।

কোভিড-19 এর টিকা সম্পর্কে আরো তথ্যের জন্য, কীভাবে বুক করবেন এবং স্থানীয় ওয়াক-ইন সেন্টারের বিশদ বিবরণ সহ জানতে ভিজিট করুন [www.sneevaccine.org.uk](http://www.sneevaccine.org.uk)

কোভিড-19 এর টিকা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন [www.sneevaccine.org.uk](http://www.sneevaccine.org.uk)

আপনি যদি আপনার বিল, আপনার চাকরি বা বাড়ি নিয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 5 টা পর্যন্ত 0800 068 3131 নম্বরে সাফোক অ্যাডভাইস অ্যান্ড সাপোর্ট সার্ভিস -এ বিনামূল্যে কল করুন।

21/12/  
2021